দৈনিক ইত্তেফাক

তারিখ 06 SEP 1992 পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# দাখিল পরীক্ষায় পাসের হার ৬০·৭৪ ভাগ

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের দাখিল পরীক্ষার ফলাফল গতকাল (শনিবার) প্রকাশিত হইয়াছে। মোট ৫০ হাজার ৪৭১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ৩০ হাজার ৬৫৯ জন পাস করে। পাসের শতকরা হার ৬০ দশমিক ৭৪। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ১ হাজার ১৬ জন প্রথম বিভাগে, ১০ হাজার ৭৫৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১৮ হাজার ৮৮৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। কুমিল্লার আল আমিন ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র মোঃ ফয়জুল্লাহ ৭৭৪ নম্বর পাইয়া দাখিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান অর্জন করে। (১১শ পৃঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষায়

(প্রথম পৃঃ পর)

দাখিল সাধারণ গ্রুপে মোট পরীক্ষার্থী ছিল ৪৬ হাজার ৮২৮ জন। ২৮ হাজার ৪৮২ জন পাস করে। এই বিভাগে পাসের শতকরা হার ৬০ দশমিক ৮২। দাখিল বিজ্ঞান গ্রুপে পরীক্ষার্থী ছিল ২ হাজার ৭১৯ জন। ১ হাজার ৭৭৭ জন পাস করিয়াছে। পাসের হার শতকরা ৬৫ দশমিক ৩৫। এই বিভাগে ছাত্রী ছিল ১১২ জন। দাখিল মুজাব্বিদ গ্রুপে ৩২ জন ছাত্রীসহ মোট পরীক্ষার্থী ছিল ৯০০ জন। তন্মধ্যে ৩৮৬ জন পাস করে। এই গ্রুপে পাসের শতকরা হার ৪২ দশমিক ৮৮। দাখিল হিফজুল কোরআন গ্রুপে ১জন ছাত্রীসহ ২৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। তন্মধ্যে ১৪ জন পাস করে। এই গ্রুপে পাসের শতকরা হার ৫৮ দশমিক ৩৩।